বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ

**০৫ জুন, ২০২৩ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৭৭তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুস সুলতান<br>ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ০৫ জুন, ২০২৩ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদানের পর তাঁর ১ম সমন্বয় সভা উল্লেখ করে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। তারপর তিনি এক এক করে সকলের সাথে পরিচিত হন। তিনি বলেন, বর্তমানে গ্যাস সেক্টর এক ক্রান্তিকাল অতিক্রম করছে। এ মুহূর্তে কোম্পানি কর্তৃক গৃহীত গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহ পরিচালনায় বিশেষ নজর দিতে হবে। সরকার ও মন্ত্রণালয়ের পরিকল্পনা মোতাবেক আমাদেরকে ওয়ার্কওভার ও কূপ খনন কার্যক্রম যথাসময়ে ও যথাযথভাবে সম্পাদন করতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট সকল বিভাগকে একসাথে আন্তরিকতার সহিত কাজ করতে হবে। অতঃপর তিনি পূর্ববর্তী সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপনসহ সভা পরিচালনার জন্য কোম্পানি সচিব-কে অনুরোধ করেন। কোম্পানি সচিব ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদান করায় জনাব মোঃ আব্দুস সুলতান মহোদয়কে কোম্পানির তরফে শুভেচ্ছা ও অভিনন্দন জানান এবং তাঁর দিকনির্দেশনার প্রতি সকলের আন্তরিক সহযোগিতা থাকবে বলে অবহিত করেন। অতঃপর তিনি সকল মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও ফিল্ড-ইনচার্জগণের প্রতি শুভেচ্ছা জানিয়ে এপ্রিল ২০২৩ মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ আলোচ্যসূচি | অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.০। | অপারেশন ডিভিশন: | | | |
| ২.১। | কোম্পানির ভূমি ও Right of way-সমূহ সংরক্ষণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা অব্যাহত রাখতে হবে।<br><br>ব্রাহ্মণবাড়িয়া সদর এলাকার Right of way সংক্রান্ত বিষয়ে জেলা প্রশাসনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ডিজিএম (নিরাপত্তা) সভাকে অবহিত করেন যে, তিতাস টু হেডঅফিস Right of way তে কিছু স্থাপনা নির্মাণের তথ্য পেয়ে তাৎক্ষনিক আনসার সদস্যসহ সেখানে গিয়ে কয়েকটি স্থাপনা উচ্ছেদ করা হয়েছে এবং ১/২টি আগামী ১৫ দিনের মধ্যে উচ্ছেদ হবে। সীমরাইলকান্দি লোকেশনের বাউন্ডারির পাশ দিয়ে বয়ে যাওয়া নদীতে ড্রেজিং কাজ করতে দেখা যায়। তারা যেন ২০০ ফিট দুরত্বের সীমারেখা অতিক্রম না করে সেজন্য নদীর উপর লাল নিশান টানানো হয়েছে। | কোম্পানির ভূমি ও Right of way-সমূহ সংরক্ষণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা অব্যাহত রাখতে হবে।<br><br>কোম্পানির Right of way তে কেউ যেন কোনও স্থাপনা নির্মাণ করতে না পারে, সে বিষয়ে সচেতন থাকতে হবে। পাশাপাশি ব্রাহ্মণবাড়িয়া জেলা প্রশাসনের সাথে এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (প্রশাসন)/(টিএস) |

| ক্রম. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ আলোচ্যসূচি | অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.২। | বাখরাবাদ ফিল্ডের বাজার এলাকায় কোম্পানির চিহ্নিত ভূমিতে দোকান নির্মাণের বিষয়টি সম্পর্কে ইউএনও-কে পত্র মারফত অবহিত করতে হবে। | সভাকে অবহিত করা হয় যে, বাখরাবাদ ফিল্ডের বাজার এলাকায় কোম্পানির চিহ্নিত ভূমিতে স্থানীয় লোকজনের নির্মিত ৩০-৩২টি দোকান-পাটের প্রায় সবগুলো উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ) এর আলাপ-আলোচনা ও নির্দেশনায় অপসারিত হয়েছে। অবশিষ্ট ২/৩টি আগামী ১৫দিনের মধ্যে অপসারণ করা হবে। | বাখরাবাদ ফিল্ডের বাজার এলাকায় কোম্পানির ভূমি দখলমুক্ত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/ (অপাঃ) এবং ডিজিএম (বাখরাবাদ)/ (এস্টেট) |
| ২.৩। | বাখরাবাদ ফিল্ড সংলগ্ন জাতীয় হাইপ্রেসার পাইপলাইনের Right of way-র উপর পাবলিক স্থাপনা থাকার বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিতকরণ। | বাখরাবাদ ফিল্ড সংলগ্ন একটি স্থানে জাতীয় হাইপ্রেসার পাইপলাইনের Right of way-র উপর পাবলিক স্থাপনা দেখা গেছে। পাইপলাইনটি সালদানদী গ্যাস ফিল্ডের হতে পারে। বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | বাখরাবাদ ফিল্ড সংলগ্ন জাতীয় হাইপ্রেসার পাইপলাইন থাকা Right of way-র উপর পাবলিক স্থাপনা থাকার বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। | মহাব্যবস্থাপক ( অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ) |
| ২.৪। | মেঘনা ফিল্ড সংলগ্ন কোম্পানির Right of way-র জমির মাপ-জোক সম্পাদনের জন্য সরকারি আমীন নিয়োজিত করার লক্ষ্যে ইউএনও, বাঞ্ছারামপুর-এর সাথে যোগাযোগ করতে হবে। | সভাকে অবহিত করা হয় যে, মেঘনা ফিল্ড সংলগ্ন কোম্পানির Right of way-র জমির মাপ-জোক সম্পাদনের জন্য সরকারি আমীনের সিডিউল হচ্ছে না। তবে বেসরকারী আমীনের কজ তারা দেখে যাবে বলে জানিয়েছে। | মেঘনা ফিল্ড সংলগ্ন কোম্পানির Right of way-র জমির মাপ-জোক সরকারি-বেসরকারী আমীনের সমন্বয়ে সম্পাদনের কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/ ( অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| ২.৫। | কামতা ফিল্ডের Right of way এবং উলুখোলা বাজারে কোম্পানির ভূমি দখলমুক্ত রাখার লক্ষ্যে দাগ নম্বর, খতিয়ান নম্বর, মৌজা উল্লেখপূর্বক সার্বিক সহযোগিতা প্রত্যাশা করে সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) বরাবর পত্র প্রেরণসহ যোগাযোগ করতে হবে। | কামতা ফিল্ড সংলগ্ন Right of way এবং উলুখোলা বাজার সংলগ্ন কোম্পানির ভূমি দখলমুক্ত রাখার লক্ষ্যে উক্ত জায়গাসমূহের দাগ নম্বর, খতিয়ান নম্বর, মৌজা উল্লেখপূর্বক সহকারী কমিশনার (ভূমি) বরাবর পত্র প্রেরণসহ যোগাযোগ অব্যাহত আছে। | কামতা ফিল্ডের প্রায় ২.৭ কিঃমিঃ দীর্ঘ Right of way এবং উলুখোলা বাজার সংলগ্ন কোম্পানির ভূমি দখলমুক্ত রাখার লক্ষ্যে ভূমি অফিসের সাথে যোগাযোগ অব্যাহত রাখার পাশাপাশি প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (সিজি)/প্রশাসন এবং উপমহাব্যবস্থাপক (এস্টেট) ও সংশ্লিষ্ট কমিটি |
| ২.৬। | কোম্পানির নিজস্ব যানবাহনসমূহের জন্য প্রয়োজনীয় পেট্রোল ও ডিজেল সংগ্রহের লক্ষ্যে যমুনা অয়েল কোম্পানী লিঃ-এর সাথে যোগাযোগ করতে হবে। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির জন্য পেট্রোল ও ডিজেল সংগ্রহের নিমিত্ত যমুনা অয়েল কোম্পানি হতে সম্মতি পাওয়া গেছে। তাদের ডিপো থেকে বিজিএফসিএল-এর নিজস্ব ব্যবস্থাপনায় তেল পরিবহন করে আনতে হবে। | কোম্পানির নিজস্ব যানবাহনসমূহের জন্য তিতাস ফিল্ডের ফুয়েল পাম্পে সংরক্ষণের নিমিত্ত যমুনা অয়েল কোম্পানী লিঃ-হতে পেট্রোল ও ডিজেল সংগ্রহের ব্যবস্থা করতে হবে। | মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ)/ (প্রশাসন) এবং উপমহাব্যবস্থাপক (তিতাস)/ (এসটিআইসি) |

| ক্রম. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ আলোচ্যসূচি | অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.৭। | কোম্পানির ফিল্ড ও স্থাপনাসমূহের নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে সিসিটিভির কার্যক্রম নিবিড় পর্যবেক্ষণ করতে হবে। | বাখরাবাদ ফিল্ডের 'এ' লোকেশনে নাইট ভিশন ক্যামেরা প্রতিস্থাপন করা হচ্ছে। অন্যান্য লোকেশনের জন্য নাইট ভিশন ক্যামেরা সংগ্রহের লক্ষ্যে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।<br><br>আলোচনাকালে সভায় উল্লেখ করা হয় যে, তিতাস-বি লোকেশনের মেইন গেইট এবং রেস্ট হাউজ এলাকায় সিসিটিভি আছে কিন্তু এর মধ্যবর্তী প্রায় ১ কিঃমিঃ জায়গায় কোনো সিসিটিভি নেই। ফলে, সার্বিক নিরাপত্তার স্বার্থে সেখানে ২/৩টি সিসিটিভি স্থাপন করা যেতে পারে। | কোম্পানির ফিল্ড ও স্থাপনাসমূহের নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর এলাকাসমূহ সিসিটিভির আওতাভুক্ত রাখার পাশাপাশি সিসিটিভির কার্যক্রম নিবিড় পর্যবেক্ষণ করতে হবে।<br><br>তিতাস-বি লোকেশনের মেইন গেইট এবং রেস্ট হাউজ এলাকার মধ্যবর্তী স্থানে ২/৩টি সিসিটিভি স্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সংশ্লিষ্ট কমিটি ও সকল ফিল্ড ইনচার্জ |
| ২.৮। | কোম্পানির বিভিন্ন ফিল্ড/ স্থাপনার স্ক্র্যাপ মালামাল দ্রুত অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস ফিল্ডের লোকেশন-এ তে কম্প্রেসর স্থাপন প্রকল্পের আওতায় প্রসেস প্লান্ট স্থাপন কাজ সমাপ্ত হয়েছে বিধায় দ্রুত সাইট ক্লিনিং করার বিষয়ে ঠিকাদার প্রতিষ্ঠানের দৃষ্টি আকর্ষণ করা যেতে পারে। | কোম্পানির বিভিন্ন ফিল্ড/ স্থাপনার স্ক্র্যাপ মালামাল দ্রুত অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>তিতাস-এ তে কম্প্রেসর স্থাপন কাজ সমাপ্ত হয়েছে বিধায় ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক দ্রুত সাইট ক্লিনিংয়ের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ সংশ্লিষ্ট কমিটি ও সকল ফিল্ড ইনচার্জ এবং উপমহ্যাবস্থাপক (তিতাস) ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ২.৯। | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও ফেণী গ্যাস ফিল্ডের ফ্যাক্টরি লাইসেন্সসমূহ নবায়নের কার্যক্রম যথাসময়ে সম্পাদন করতে হবে। | হবিগঞ্জ, বাখরাবাদ ও ফেণী গ্যাস ফিল্ডের ফ্যাক্টরি লাইসেন্সসমূহ নবায়ন করা হয়েছে এবং তিতাস ফিল্ডের নবায়ন কাজ প্রক্রিয়াধীন আছে। | তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও ফেণী গ্যাস ফিল্ডের ফ্যাক্টরি লাইসেন্সসমূহ নবায়নের কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ২.১০। | ফেণী ফিল্ডের আপডেট তথ্য সংগ্রহ করে সভায় অভিহিত করতে হবে। | ফেণী ফিল্ডের ভূমি সংক্রান্ত এবং অন্যান্য লাইসেন্সের ফিস পরিশোধ কার্যক্রম বিজিএফসিএল কর্তৃক সম্পাদিত হচ্ছে বিধায় ফিল্ডটির আপডেট তথ্য সম্পর্কে কোম্পানির অবহিত থাকা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | বাপেক্সের মহাব্যবস্থাপক (প্রশাসন)-এর সাথে যোগাযোগপূর্বক ফেণী ফিল্ডের আপডেট তথ্য সংগ্রহ করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ উপমহাব্যবস্থাপক (এস্টেট) |
| ২.১১। | নরসিংদী ফিল্ড : | | | |
| | নরসিংদী ফিল্ডের ভূমি অধিগ্রহণ সংক্রান্ত অর্থ প্রাপ্তি সাপেক্ষে কোম্পানির দালান-কোঠা অপসারণের কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপমহাব্যবস্থাপক (নরসিংদী) সভাকে অবহিত করেন যে, নরসিংদী ফিল্ডের অধিগ্রহণতব্য ভূমির আর্থিক মূল্যায়ন সংক্রান্ত তথ্য ন্যাশনাল ওয়েব পোর্টালে প্রকাশ করা হয়েছে। | নরসিংদী ফিল্ডের ভূমি অধিগ্রহণ সংক্রান্ত অর্থ প্রাপ্তি সাপেক্ষে দালান-কোঠা অপসারণের কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ৩.০। | পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন : | | | |
| ৩.১। | তিতাস-জি লোকেশনে ETP স্থাপন কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | সভাকে অবহিত করা হয় যে, তিতাস-জি লোকেশনে ETP স্থাপন কার্যক্রম সম্পন্ন শেষে কমিশনিং চলছে। | তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (সিভিল)/ (ইএস) |

| ক্রম. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ আলোচ্যসূচি | অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.২। | হবিগঞ্জ, নরসিংদী, মেঘনা ও বাখরাবাদ ফিল্ডের জন্য Fire License সংগ্রহের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>বিভিন্ন ফিল্ডের ECC সমূহের নবায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | বিভিন্ন ফিল্ডের Environmental Clearance Certificate (ECC) সমূহ নবায়ন করা হয়েছে। তিতাস ফিল্ডের জন্য আবেদন করা হয়নি।<br><br>মেঘনা, নরসিংদী ও বাখরাবাদ ফিল্ডের Fire License-এর সংগ্রহের বিষয়ে একটি প্রফেশনাল প্রতিষ্ঠান ফিল্ড পরিদর্শন করে গেছে। তাদের মাধ্যমে Fire Plan প্রণয়ন, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ এবং বাস্তবায়নের পর লাইসেন্সের জন্য আবেদন করতে হবে। এতে প্রায় ৮-১০ লক্ষ টাকার আর্থিক বিজড়ন রয়েছে মর্মে সভাকে জানানো হয়। | তিতাস ফিল্ডের Environmental Clearance Certificate (ECC) নবায়ন কার্যক্রম ইএস বিভাগ কর্তৃক সম্পাদন করতে হবে।<br><br>হবিগঞ্জ, নরসিংদী, মেঘনা ও বাখরাবাদ ফিল্ডের জন্য Fire License সংগ্রহের উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি)/ (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সকল ফিল্ড ইনচার্জ |
| ৩.৩। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | | |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে কোম্পানির ডিভিশন ও বিভাগসমূহ সচেষ্ট আছে। APA এর আওতাধীন NIS, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, GRS, সেবা প্রদান প্রতিশ্রুতি, RTI প্রভৃতির কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা প্রত্যাশা করা হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি APA এর ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে। | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৩.৪। | তিতাস-২৪নং কূপের ওয়ার্কওভার: | | | |
| | তিতাস-২৪নং কূপের ওয়ার্কওভার। | সভা অভিহিত হয় যে, তিতাস-২৪নং কূপের ওয়ার্কওভার শেষে উৎপাদন পরীক্ষণ হচ্ছে। সহসাই জাতীয় গ্রিডে গ্যাস সংযুক্ত হবে। | তিতাস-২৪নং কূপের গ্যাস ফ্লো এর উদ্বোধন সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদনে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| ৪.০। | কম্প্রেসর এন্ড জেনারেটর ডিভিশন : | | | |
| ৪.১। | কোম্পানির আবাসন/ ডরমিটরিতে বসবাসকারী কর্মকর্তাগণ কর্তৃক নিজ খরচে এসি স্থাপনের তথ্য-উপাত্ত মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির আবাসন/ ডরমিটরিতে বসবাসকারী কর্মকর্তাগণকে নিজ খরচে এসি স্থাপনের অনুমতি প্রত্যাশী কয়েকজন কর্মকর্তার আবেদন পাওয়া গেছে। সহসাই বিষয়টি মহাব্যবস্থাপকগণের সভায় পর্যালোচনার জন্য উপস্থাপন করা হবে। | কোম্পানির নিজস্ব জেনারেটরের বিদ্যুৎ লোড বিবেচনায় আবাসন/ ডরমিটরিতে বসবাসকারী কর্মকর্তাগণকে নিজ খরচে এসি স্থাপনের অনুমতি প্রদানের বিষয়টি মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং সকল ফিল্ড ইনচার্জ |
| ৫.০। | রক্ষণাবেক্ষণ ডিভিশন : | | | |

| ক্রম. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ আলোচ্যসূচি | অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫.১। | কোম্পানির ওয়েব ক্লাউড ব্যবহার সংক্রান্ত খসড়া নীতিমালা প্রণয়ন করে যথাশীঘ্র মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে। | কোম্পানির ওয়েব ক্লাউডে সংরক্ষিত তথ্য-উপাত্ত একটি ডাটা সেন্টারে থাকা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এ পরিপ্রেক্ষিতে নিম্নোক্তভাবে কমিটি গঠনের প্রস্তাব করা হয়ঃ<br>১। জিএম (সিজি)-আহবায়ক<br>২। ডিজিএম (আইসিটি)<br>৩। ডিজিএম (বাখরাবাদ)<br>৪। ডিজিএম (ইএমটি)<br>৫। ডিজিএম (এফ) | কোম্পানির ওয়েব ক্লাউডে সার্বিক তথ্য-উপাত্ত সম্বলিত একটি ডাটা সেন্টার তৈরির নিমিত্ত নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো:<br>১। জিএম (সিজি)-আহবায়ক<br>২। ডিজিএম (আইসিটি)<br>৩। ডিজিএম (বাখরাবাদ)<br>৪। ডিজিএম (ইএমটি)<br>৫। ডিজিএম (এফ) | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৬.০। | টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন: | | | |
| ৬.১। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ সংশ্লিষ্ট ৪টি কমিটির কার্যক্রম চলমান আছে। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মালামাল অবলোপন/ অপসারণ সংশ্লিষ্ট কমিটিসমূহের প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) |
| ৬.২। | কোম্পানির ভূ-সম্পত্তির এসএ এবং বিএস রেকর্ড যথাযথ আছে কী না, সে বিষয়ে সংশ্লিষ্ট ভূমি অফিসের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপ-মহাব্যবস্থাপক (এস্টেট) সভাকে অবহিত করেন যে, কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/এসএ রেকর্ড এবং বিএস রেকর্ড যথাযথ করার জন্য মিস-কেস করাসহ দীর্ঘ কর্মপ্রক্রিয়ায় নিয়োজিত হতে হবে। | কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ রেকর্ড এবং বিএস রেকর্ড যথাযথ করার জন্য মিস-কেস করাসহ প্রয়োজনীয় যে কোন কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>এ সংক্রান্ত সার্বিক তথ্য-উপাত্ত কর্তৃপক্ষ বরাবর পেশ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (বাখরাবাদ)/ এস্টেট |
| ৭.০। | প্রশাসন ডিভিশন: | | | |
| ৭.১। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে নিজ নিজ তথ্য-উপাত্ত দেখে কোনরূপ পরিবর্তন/সংশোধনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক সেটি/সেগুলো স্ব স্ব ডিভিশনের মাধ্যমে লিখিতভাবে প্রশাসন বিভাগকে জানাতে হবে। | সভা অভিমত ব্যক্ত করে যে, কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে তথ্য-উপাত্ত যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা করা প্রয়োজন। | কোম্পানির সার্ভিস রেকর্ড সফটওয়্যারে তথ্য-উপাত্ত যথাযথভাবে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক |
| ৭.২। | পেট্রোবাংলার আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির আলোকে কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণি অনুমোদন/ Endorsement করার বিষয়টি পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন। | পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করা হবে। | পেট্রোবাংলার আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণির আলোকে কোম্পানির আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণি অনুমোদন/ Endorsement করার বিষয়টি পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/ (প্রশাসন) |

| ক্রম. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ আলোচ্যসূচি | অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৭.৩। | কোম্পানির বিদ্যমান আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণিতে বাস্তবতার নিরিখে পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজনের প্রস্তাব প্রণয়ন করে মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন। | কমিটির কার্যক্রম চলমান আছে। | কোম্পানির বিদ্যমান আর্থিক ও প্রশাসনিক ক্ষমতার সারণিতে বাস্তবতার নিরীখে পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজনের প্রস্তাব প্রণয়ন করে কমিটি কর্তৃক মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/(প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৭.৪। | ব্যয় সংকোচন ও কৃচ্ছতা সাধন বিষয়ক সরকারের পরবর্তী নির্দেশনা সাপেক্ষে কম্পিউটার সংগ্রহ করতে হবে। | কোম্পানির অনুমোদিত TOE মোতাবেক বাজেট অনুমোদন সাপেক্ষে যাচিত সংখ্যক কম্পিউটার সংগ্রহ করা প্রয়োজন। | কোম্পানির অনুমোদিত TOE মোতাবেক বাজেট অনুমোদন সাপেক্ষে যাচিত সংখ্যক কম্পিউটার সংগ্রহ করা যেতে পারে। | সকল মহাব্যবস্থাপক |
| ৭.৫। | কোম্পানি প্রদত্ত শিক্ষামূলক বৃত্তির পরিমাণ বৃদ্ধির প্রস্তাবনা পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | কোম্পানি প্রদত্ত শিক্ষামূলক বৃত্তির পরিমাণ বৃদ্ধির বিষয়টি পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করা হবে। | কোম্পানি প্রদত্ত শিক্ষামূলক বৃত্তির পরিমাণ বৃদ্ধির প্রস্তাবনা পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৭.৬। | ডি-নথি অপারেটিং বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | গত ১৭-৪-২০২৩ তারিখ হতে কোম্পানিতে ডি-নথি চালু করা হয়েছে। | ডি-নথি অপারেটিং বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | মহাব্যবস্থাপক ( প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (আইসিটি) |
| ৭.৭। | নিরাপত্তা বিভাগ : | | | |
| | কোম্পানিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে অধিক তৎপর এবং সচেষ্ট হতে হবে।<br><br>প্রধান কার্যালয়সহ বিভিন্ন ফিল্ডে দর্শনার্থী/ বহিরাগত প্রবেশের ক্ষেত্রে কোম্পানির প্রচলিত নিয়ম-নীতি যথাযথভাবে অনুসরণ করতে হবে। | নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | কোম্পানিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে অধিক তৎপর এবং সচেষ্ট হতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৭.৮। | মেডিক্যাল বিভাগ : | | | |
| | কোম্পানির চিকিৎসকগণ কর্তৃক যথাযথ চিকিৎসা সেবা প্রদান এবং বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে প্রচেষ্টা অব্যাহত আছে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট কমিটি |
| ৮.০। | আর্থিক ও হিসাব কার্যক্রম : | | | |

| ক্রম. | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/ আলোচ্যসূচি | অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৮.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | কোম্পানির অপারেশনাল ব্যয় বিশেষ করে অধিকাল ভাতা, মুদ্রণ ও মনোহারী, যাতায়াত খরচ, আপ্যায়ন ব্যয়, যানবাহন ভাড়া ও মেরামত ব্যয়, পিওএল (জ্বালানি ব্যয়), টিএ/ডিএ ইত্যাদি খাতের ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালন ও নিয়ন্ত্রণে বিশেষ গুরুত্বারোপ প্রয়োজন। | বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |
| ৯.০। | কোম্পানি সচিবালয় : | | | |
| ৯.১। | কোম্পানির শাখা প্রধানগণ কর্তৃক নিজ নিজ শাখার কার্যক্রম ও কর্মপদ্ধতি বিষয়ক প্রেজেন্টেশন (যদি থাকে) কোম্পানি সচিবালয় ডিভিশনের মাধ্যমে সমন্বয় সভায় উপস্থাপন করবে। | আইসিটি বিভাগের আইটি শাখা কর্তৃক শাখার কার্যক্রম ও কর্মপদ্ধতি বিষয়ক একটি প্রেজেন্টেশন পরবর্তী সভায় উপস্থাপন করা যাবে মর্মে সভাকে অবহিত করা হয়। | আইটি শাখার কার্যক্রম ও কর্মপদ্ধতি বিষয়ক প্রেজেন্টেশন পরবর্তী সভায় উপস্থাপন করা যেতে পারে।<br><br>কোম্পানির মিড-লেভেল কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে শাখা প্রধানগণ কর্তৃক নিজ নিজ শাখার কার্যক্রম ও কর্মপদ্ধতি বিষয়ক প্রেজেন্টেশন উপস্থাপন অব্যাহত রাখতে হবে। | সকল মহাব্যবস্থাপক |

কোম্পানির সার্বিক কার্যক্রমের উপর আলোচনা শেষে ব্যবস্থাপনা পরিচালক নিম্নোক্ত বিষয়াবলী সম্পর্কে সমন্বয় সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেনঃ

ক) কোম্পানির উন্নয়ন প্রকল্প সংক্রান্ত কার্যক্রম ও অগ্রগতি;
খ) গ্যাস কূপসমূহের পারফরমেন্স তথ্যসহ সার্বিক তথ্য-উপাত্ত;
গ) কোম্পানির কার্যক্রমে ব্যবহৃত বিভিন্ন সফট্ওয়ারের তথ্য-উপাত্ত ও আপগ্রেডেশন সংক্রান্ত;
ঘ) ডিভিশনাল কার্যক্রমের একনজরে প্রেজেন্টেশন।

কোম্পানির কার্যক্রম সংক্রান্ত আলোচনা শেষে কোম্পানির ১জন জেষ্ঠ্যতম কর্মকর্তা উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাব মোঃ  গোলাম মোস্তফা অবসর-উত্তর ছুটিতে যাচ্ছেন মর্মে সভা অবহিত হয়। এ পরিপ্রেক্ষিতে, কোম্পানির মহাব্যবস্থাপকগণসহউপস্থিত অন্যান্য কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করে কর্মজীবনে তাঁদের একাগ্রতা ও আন্তরিকতার বিষয়টি স্মরণ করেন এবং দীর্ঘদিন একসাথে পথচলায় সংঘটিত ভুল-ভ্রান্তি ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ জানান। সভায় জনাব মোঃ গোলাম মোস্তফা-এর সুস্বাস্থ্য, দীর্ঘায়ু এবং সুন্দর অবসরোত্তর জীবন কামনা করা হয়।

পরিশেষে সভাপতি ধৈর্য ধরে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উপস্থাপিত বিষয়াবলীর প্রতি আন্তরিক কর্মপ্রচেষ্টা প্রত্যাশা করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত থাকবে- এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
২২ জ্যৈষ্ঠ, ১৪৩০
৫ জুন, ২০২৩

০৫-০৭-২০২৩
মোঃ আব্দুস সুলতান
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

তারিখ: ২১ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
০৫ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.৮৭৬.৪২.০০১.২৩.৭৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অপারেশন এন্ড মাইন্স), অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
২। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল;
৪। সকল উপ-মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক, বিজিএফসিএল;
৫। ব্যবস্থাপক (জিও), জিওলজিক্যাল শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৬। ব্যবস্থাপক (মেঘনা), মেঘনা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৭। ব্যবস্থাপক(উন্নয়ন) ও প্রকল্প সমন্বয়ক, উন্নয়ন শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড;
৮। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড এবং
৯। উপ-ব্যবস্থাপক, কামতা ফিল্ড , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

০৬-০৭-২০২৩
মোঃ হাবীবুর রহমান
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক